TRIBUTE BY RUMANA AZAD
17.05.20



সব প্রশংসা সৃষ্টিকর্তার – ব্রহ্মাণ্ডের নির্মাতা,
তার পরেতেই স্থান করে নেয় জননী, জন্মদাতা।
উচ্ছল ছিলে, দুর্বার ছিলে, যেন পাখা মেলা হংস,
গর্বের সাথে মাথা নত করি আমি তাঁর সু–অংশ।
চিরদিন তুমি বলতে, ‘শোনো গো’, মানবতা, করো ধর্ম,
ধন,দৌলত,রাজ্য তুচ্ছ, রয়ে যাবে শুধু কর্ম।
নিষ্ঠা নিও বিধান থেকে, গতি কিন্তু বিজ্ঞান,
মনের পরিধি বাড়বে যখন, সুরকেও দেবে কিছু ধ্যান।
গরিমায় নয়, জ্ঞানে উজ্জ্বল, ঠোঁটে মৃন্ময় হাসি,
সহজাত ছিলো ভালোবাসা, ছিলে শুদ্ধ স্বচ্ছভাষী।
জ্বলছো তো তুমি ধ্রুবতারা হয়ে, বর্ণিল কোনো কাব্যে
কে বলে তুমি দূরে চলে গেছ? ছিলে, আছো, তুমি থাকবে...